A

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা-২০১৬

মার্কিং স্কিম

বিষয়: বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

পূর্ণমান-১০০

সাধারণ নির্দেশনা:

১। উত্তরপত্র মূল্যায়নকারী উত্তরপত্র মূল্যায়নের পূর্বে ভালভাবে উত্তরপত্র পড়বেন এবং প্রতিটি প্রশ্নের উত্তর মার্কিং স্কিমে কী দেয়া আছে তা উপলব্ধি করবেন। অতঃপর মনোযোগ সহকারে উত্তরপত্র মূল্যায়ন করবেন।

২। উত্তরপত্র একজন মার্কার/উত্তরপত্র মূল্যায়নকারী দ্বারা মূল্যায়ন করতে হবে।

৩। উত্তরপত্র মূল্যায়নকারীকে অবশ্যই নিজস্ব মেধা, প্রজ্ঞা, বুদ্ধি ও বিবেক খাটিয়ে উত্তরপত্র মূল্যায়ন করতে হবে।

৪। নির্দেশনা ভালভাবে পড়তে হবে এবং কোন অস্পষ্টতা থাকলে প্রধান পরীক্ষকের সাথে আলাপ-আলোচনা করে বিষয়টি স্পষ্ট করে নিতে হবে।

৫। প্রথমেই প্রতিটি প্রশ্ন ভালভাবে পড়তে হবে। প্রশ্নে কী চাওয়া হয়েছে তা ভালভাবে বুঝতে হবে। কোথাও কোন অস্পষ্টতা থাকলে প্রধান পরীক্ষকের মতামত নিতে হবে।

৬। প্রতিটি প্রশ্নের বিপরীতে কত নম্বর রয়েছে তা ভালভাবে দেখে নিতে হবে।

৭। প্রদত্ত মডেল উত্তরগুলো সম্পর্কে ধারণা পরিষ্কার করে নিয়ে অতঃপর উত্তরপত্র মূল্যায়ন করতে হবে।

৮। মূল্যায়নের জন্য লাল কালির বলপেন ব্যবহার করতে হবে এবং পৃষ্ঠার বাম দিকে (বর্ডারে) নম্বর প্রদান করতে হবে।

৯। শিক্ষার্থী ভুল উত্তরের জন্য কোন নম্বর পাবে না।

১০। বানান ভুলের জন্য কোন নম্বর কর্তন করা যাবে না।

১১। অস্পষ্টতা কিংবা দূর্বোধ্যতার কারণে হাতের লেখা পড়তে না পারলে কোন নম্বর দেয়া যাবে না।

১২। হাতের লেখা ভাল-মন্দের কারণে নম্বর প্রদানের ক্ষেত্রে কোন রকম হেরফের হবে না।

১৩। নম্বর প্রদানের ক্ষেত্রে কোনরূপ কাটা-কাটি/ঘষা-মাজা/ ওভার রাইটিং করা যাবে না।

১৪। প্রদত্ত নম্বর কোন কারণে সংশোধনের প্রয়োজন হলে একটানে কেটে দিয়ে সঠিক নম্বরটি পার্শ্বে লিখে অনুস্বাক্ষর করতে হবে।

১৫। উত্তরপত্র মূল্যায়নের সময় কঠোর গোপনীয়তা রক্ষা করতে হবে।

১৬। উত্তরপত্র থেকে নম্বরপত্রে এবং কভার পৃষ্ঠায় নম্বর তোলার সময় বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে যাতে কোনরূপ ভুল না হয়। এক্ষেত্রে কালো কালি ব্যবহার করতে হবে।

১৭। নির্দেশনা মত নম্বরপত্রে যাবতীয় তথ্য সন্নিবেশ করে নম্বরপত্র জমা দিতে হবে।

১৮। নম্বরফর্দে কোনরূপ ঘষা-মাজা/কাটা-কাটি/ ওভার রাইটিং করা যাবে না। তবে নম্বর তোলার ক্ষেত্রে কোন ভুল হলে তা একটানে কেটে দিয়ে সঠিক নম্বরটি পাশে লিখে অনুস্বাক্ষর করতে হবে।

১৯। প্রতিটি নম্বরফর্দে মূল্যায়নকারীকে স্বাক্ষর ও সীল (থাকলে) দিতে হবে।

২০। উত্তরপত্র মূল্যায়নের সময় মূল্যায়নকারীকে ইংরেজিতে নম্বর প্রদান করতে এবং নম্বর ফর্দে ইংরেজিতে নম্বর তুলতে হবে।

২১। উপরোক্ত নির্দেশনা অনুসরণের পরও উত্তরপত্র মূল্যায়নে কোন জটিলতা সৃষ্টি হলে নেপ-এর বিষয় বিশেষজ্ঞদের সাথে যোগাযোগ করা যেতে পারে।

১ নং প্রশ্নের জন্য নম্বর প্রদানের নির্দেশনা:

প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরের জন্য পূর্ণ নম্বর অর্থাৎ ১ নম্বর পাবে। যেমন-(১) এর উত্তর হবে (গ), তবে যদি কোন পরীক্ষার্থী (১) (গ) অথবা (১) (গ) সকল রকম সুখ থেকে মুক্ত থাকার জন্য অথবা (১) সকল রকম সুখ থেকে মুক্ত থাকার জন্য লিখে তাহলেও পূর্ণ নম্বর পাবে।

১নং প্রশ্নের সঠিক উত্তর নিম্নরূপ: ১× ৫০= ৫০

(১) (গ) সকল রকম সুখ থেকে মুক্ত থাকার জন্য
(২) (ঘ) বুদ্ধের উপদেশ জীবনে বাস্তবায়ন করে।
(৩) (গ) সকল প্রকার তৃষ্ণা জয় করে।
(৪) (খ) তাঁদের মাধ্যমে আমরা পৃথিবীতে এসেছি।
(৫) (গ) অজ্ঞতা দূর করেন।
(৬) (খ) ত্যাগ শক্তি।
(৭) (ক) জ্ঞান দান।
(৮) (খ) চরিত্র গঠনের জন্য।
(৯) (ঘ) সচ্চরিত্রবান।
(১০) (গ) কুশলকর্ম।
(১১) (গ) ভালকর্ম।
(১২) (খ) ক, জ, ন।
(১৩) (ক) অন্যকে সম্মান করবো।
(১৪) (ঘ) একতাবদ্ধ হয়ে কাজ করবো।
(১৫) (গ) সুর করে।
(১৬) (ক) করজোড়ে হাঁটু ভেঙ্গে।
(১৭) (ক) শীল পালন করবো।
(১৮) (খ) যুক্তির মাধ্যমে সত্য প্রমাণ করবো।
(১৯) (গ) সত্যধর্ম অনুশীলন করবো।
(২০) (গ) কর্মফল সম্পর্কে জানাবো।
(২১) (গ) দেশের কল্যাণের জন্য কাজ করে।
(২২) (ক) দুক্খ ।
(২৩) (গ) বন্দনা করি যাতে সকলে ভাল থাকে।
(২৪) (খ) মানবিক।
(২৫) (খ) জীবে দয়া প্রদর্শন।
(২৬) (ঘ) তোমার দুঃখ প্রাপ্তি হবে।
(২৭) (ঘ) বিভিন্ন আচার অনুষ্ঠান ও উৎসবে যোগদান করা।
(২৮) (গ) তারা দুর্গতিপ্রাপ্ত হবে।
(২৯) (গ) উপাসক।
(৩০) (খ) মর্যাদা ও সম্মান।
(৩১) (ঘ) অনুগ্গহং কত্বা।
(৩২) (খ) অভিবাদন জানাবো।
(৩৩) (ঘ) জীবনে বুদ্ধের উপদেশ মেনে চলবো।
(৩৪) (ক) প্রদীপ পূজা।
(৩৫) (খ) সত্য ও ধর্মপথ অনুসরণ করবো।
(৩৬) (ঘ) ৮টি ।
(৩৭) (ক) কঠিন চীবরদান।
(৩৮) (ক) জগৎচন্দ্র মহাস্থবির।
(৩৯) (খ) আনন্দ।
(৪০) (ক) চারজন।
(৪১) (খ) পঞ্চশীল।
(৪২) (ক) তাবতিংস স্বর্গে।
(৪৩) (গ) কর্মবাদ।
(৪৪) (ক) বৈশাখী পূর্ণিমা।
(৪৫) (গ) পরম গুরু।
(৪৬) (গ) দুষ্টবুদ্ধি।
(৪৭) (খ) বৌদ্ধধর্ম।
(৪৮) (ঘ) দেবদত্ত।
(৪৯) (ক) মানবতা ও মানবিক গুণাবলির বহি:প্রকাশ।
(৫০) (ক) মধ্য ভারতীয় আর্য ভাষা।

২ নং প্রশ্নের নম্বর প্রদানের মার্কিং নির্দেশনা:

- সঠিক ও প্রাসঙ্গিক প্রতিটি উত্তরের জন্য শিক্ষার্থীরা পূর্ণ নম্বর অর্থাৎ ১ নম্বর পাবে।
- ভুল উত্তরের জন্য কোন নম্বর দেয়া যাবে না অর্থাৎ শূণ্য (০) পাবে।

২ নং প্রশ্নের সঠিক উত্তর নিম্নরূপ: ১× ১৫= ১৫

(ক) উত্তর: সৎ ও চরিত্রবান ব্যক্তিই শ্রেষ্ঠ।
(খ) উত্তর: সুন্দর জীবন গঠনের জন্য।
(গ) উত্তর: এতে মানবিক গুণের বিকাশ ঘটে।
(ঘ) উত্তর: সকল প্রকার নেশা জাতীয় দ্রব্য বর্জন করবো।
(ঙ) উত্তর: সুকর্মে উদ্দীপনা সৃষ্টির জন্য আমি পূজা করবো।
(চ) উত্তর : অষ্টপরিষ্কার দান করতে কমপক্ষে পাঁচজন ভিক্ষুর প্রয়োজন।

(ছ) উত্তর : শ্রামণ্যদের দশশীল পালন করতে হয়।
(জ) উত্তর: ত্রিপিটক তিনটি ভাগে বিভক্ত।
(ঝ) উত্তর: পালি সাহিত্যে জাতকের সংখ্যা পাঁচশত পঞ্চাশটি।
(ঞ) উত্তর: শ্রাবস্তীর বর্তমান নাম সাহেত-মাহেত।
(ট) উত্তর: ভগবান বুদ্ধের চিকিৎসকের নাম জীবক।
(ঠ) উত্তর: সিদ্ধার্থ গৌতম অল্প সময়ে ৬৪ রকমের লিপি শিক্ষা সমাপ্ত করেন।
(ড) উত্তর: সর্বোৎকৃষ্ট দান হলো ধর্মদান ও বিদ্যাদান। অথবা ধর্মদান ও বিদ্যাদানকে বলা হয় শ্রেষ্ঠ দান।
(ঢ) উত্তর: প্রব্রজ্যা শব্দের অর্থ হলো পাপকর্ম বর্জন।
(ণ) উত্তর: গৌতম বুদ্ধের অতীত জন্ম বৃত্তান্তকে জাতক বলা হয়।

৩ নং প্রশ্নের জন্য নম্বর প্রদানের নির্দেশনা:

- সঠিক ও প্রাসঙ্গিক প্রতিটি উত্তরের জন্য শিক্ষার্থীরা পূর্ণ নম্বর অর্থাৎ ৫ নম্বর পাবে। উত্তর আংশিক হলে আনুপাতিক হারে নম্বর প্রদান করতে হবে। যদি কোন পরীক্ষার্থী উত্তর পয়েন্ট আকারে না লিখে অনুচ্ছেদ আকারে লিখে (সঠিক হলে) তাহলেও পূর্ণ নম্বর পাবে।
- ক, খ,গ ,ঘ ও ঙ নং সহ যেকোন সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। অতিরিক্ত প্রশ্নের উত্তর লেখার জন্য কোন নম্বর প্রদান করা যাবে না।

৩ নং প্রশ্নের নমুনা উত্তর নিম্নরূপ:

(ক) উত্তর: সমাজে গুরুজন মাত্রই বয়োজ্যেষ্ঠ। ১+২+২=৫

(১) অভিবাদন করলে বড়রা খুশী হন, আশীর্বাদ করেন ।
(২) তার জন্য বল, আয়ু, সুখ ও জ্ঞান বৃদ্ধি পায় ।

সম্মান পেতে হলে আমি যা করবো-
১.বয়স্ক ও গুরুজনদের প্রতি বিনম্র ভাব পোষণ করবো।
২.শ্রদ্ধাভাজন ব্যক্তিদের প্রতি সম্মান দেখাবো তাঁদের কথা অনুসরণ করতে চেষ্টা করবো।
(অনুরূপ প্রাসঙ্গিক যে কোন উত্তর)

(খ) কথাবত্থু গ্রন্থকে বৌদ্ধ ধর্মের তর্কশাস্ত্র বলা হয়। ১+১+৩=৫

বুদ্ধের মূলনীতি হচ্ছে- থেরবাদ বা স্থবিরবাদ বা বিভজ্যবাদ।

১. এই গ্রন্থ অধ্যয়নের মাধ্যমে যুক্তিতর্কের কৌশল জেনে সত্য প্রতিষ্ঠা করতে পারবো।
২. মিথ্যা নির্ণয়ের কৌশল জেনে জীবনে প্রয়োগ করতে পারবো।
৩. বুদ্ধের মূলনীতি অনুসরণে জীবন যাপন করতে পারবো।
(অনুরূপ প্রাসঙ্গিক যে কোন উত্তর)

(গ) ভিক্ষু হওয়ার জন্য শ্রামণগণ যে শীলগুলো পালন করেন তাকেই দশশীল বলে। ১+১+৩=৫

সৎ ও চরিত্রবান ব্যক্তিই শ্রেষ্ঠ।

একজন শীলবান ব্যক্তি হিসাবে আমি যা করবো:-
(১) সকল জীবে দয়া করবো।
(২) সকল কাজে সংযত ও আত্মসংযমী থাকবো।
(৩) সৎপথে চলে সকলের সৎকর্মে সহযোগিতা করবো ও সহমর্মিতা দেখাবো।
(অনুরূপ প্রাসঙ্গিক যে কোন উত্তর)

(ঘ) (১) আনন্দ স্থবির ছিলেন বুদ্ধের প্রধান সেবক । ৩+২=৫

(২) তাঁর জন্মের সময় পরিবারের সবাই খুব আনন্দিত হয়েছিলেন তাই তাঁর নাম রাখা হয়েছিল আনন্দ ।

(৩) আনন্দ ছিলেন অত্যন্ত গুণী পণ্ডিত ও শ্রুতিধর।

যে শিক্ষা পেয়েছি-

(১) তাঁর কাছ থেকে কাজে নিষ্ঠাবান ও আন্তরিক হওয়ার শিক্ষা পেয়েছি।

(২) নিজ ধর্মের প্রতি শ্রদ্ধাশীল এবং একজন ভাল কর্মী হওয়ার শিক্ষা পেয়েছি ।

(অনুরূপ প্রাসঙ্গিক যে কোন উত্তর)

(ঙ) সরলতা, নিষ্ঠা, সত্য, সহানুভূতি প্রভৃতি গুণ মানুষের ভিতর প্রকাশিত হওয়াকে বলা হয় মানবিক গুণাবলি । ২+৩=৫

দয়া, সহনশীলতা ,সরলতা, নম্রতা, ভালবাসা, তারুণ্য এগুলি হলো মানবিক গুণাবলি ।

(অনুরূপ প্রাসঙ্গিক যে কোন উত্তর)

(চ) গৌতম সিদ্ধার্থের গৃহত্যাগের বর্ণনা : ৫

(১) যশোধরা গভীর রাতে নবজাত শিশুকে কোলে নিয়ে সোনার পালঙ্কে ঘুমাচ্ছেন।

(২) এ মুহূর্তে সিদ্ধার্থ গৌতম সারথি ছন্দককে ডাকলেন।

(৩) কন্থক নামক অশ্ব সাজিয়ে আনতে আদেশ দেন।

(৪) সারথি ছন্দক অশ্ব সাজিয়ে আনলেন।

(৫) নবজাত শিশুকে এক পলক দর্শন করে তিনি গৃহত্যাগ করলেন।

(অনুরূপ প্রাসঙ্গিক যে কোন উত্তর)

(ছ) শীল পালনের পাঁচটি সুফল: ৫

(১) শীলবানদের শীল পালনের সুকীর্তি সর্বত্র ছড়িয়ে পড়ে।

(২) শীল পালনের দ্বারা সৎপুরুষ হিসেবে নিজেকে গড়ে তোলা যায়।

(৩) শীলবান ব্যক্তিরা সর্বদা নির্ভয় থাকে।

(৪) শীলবানেরা সজ্ঞানে মৃত্যুবরণ করেন।

(৫) তারা মৃত্যুর পর স্বর্গলোকে উৎপন্ন হন।

(অনুরূপ প্রাসঙ্গিক যে কোন উত্তর)

(জ) পাঁচটি বাক্যে মহাস্থান গড়ের সংক্ষিপ্ত বিবরণ: ৫

(১) এর প্রাচীন নাম পুণ্ড্রবর্ধন।

(২) স্থানটি অত্যন্ত মনোরম ও প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর।

(৩) একসময় পুণ্ড্রবর্ধন উত্তরবঙ্গের শাসন কেন্দ্র ছিল।

(৪) মহাস্থান গড়ের ইতিহাস অতি প্রাচীন।

(৫) মৌর্য, গুপ্ত ও পাল রাজাদের রাজত্বকালে এটি বৌদ্ধ ধর্ম ও সংস্কৃতি চর্চার প্রাণকেন্দ্র ছিল।

(অনুরূপ প্রাসঙ্গিক যে কোন উত্তর)

(ঝ) শ্রমণ ও উপসম্পদার মধ্যে পাঁচটি পার্থক্য দেওয়া হল : ৫

শ্রমণ বা প্রব্রজ্যা	উপসম্পদা বা ভিক্ষু
(১) সাত বছর পূর্ণ না হলে কেউ শ্রামণ্য ধর্ম গ্রহণ করতে পারে না।	(১) বিশ বছর পূর্ণ না হলে কেউ উপসম্পদা লাভ বা ভিক্ষু হতে পারে না।
(২) সাধারণ ধর্মীয় শিক্ষা, জ্ঞান ও শ্রদ্ধা থাকলেই শ্রমণ হওয়া যায়।	(২) ভিক্ষু ধর্ম গ্রহণ করার জন্য নির্দিষ্ট কতগুলো শিক্ষণীয় বিষয় আছে। সেগুলো না জানলে কেউ ভিক্ষু হতে পারে না।
(৩) যে কোনো একজন বয়স্ক স্থবির (ভন্তে) শ্রামণ্য ধর্মে দীক্ষা দিতে পারেন।	(৩) কমপক্ষে দশজন ভিক্ষু উপস্থিত না হলে ভিক্ষু হতে পারে না।
(৪) যে কোনো স্থানে শ্রামণ্য ধর্ম গ্রহণ করা যায়।	(৪) ভিক্ষু সীমাঘর অথবা উদক সীমা ব্যতিত অন্য কোনো স্থানে ভিক্ষু হওয়া যায় না।
(৫) শ্রমণদের দশশীলসহ ৭৫ প্রকার সেখিয়া ধর্ম পালন করতে হয়।	(৫) ভিক্ষুদের ২২৭টি শীল পালন করতে হয়।

(ঞ) মুক্তিযুদ্ধে বৌদ্ধদের ভূমিকা পাঁচটি বাক্যে দেওয়া হল : ৫

(১) মুক্তিযুদ্ধে বাঙালি ও উপজাতি বৌদ্ধরা অংশগ্রহণ করে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
(২) বৌদ্ধরা সাধারণ জনগণকে নানা ভাবে সাহায্য করেছেন।
(৩) বৌদ্ধরা পাকসেনাদের বিরুদ্ধে অস্ত্র হাতে নিয়েছে।
(৪) ভারতের নানা স্থানে গিয়ে অস্ত্র প্রশিক্ষণ নিয়ে তাঁরা মুক্তিযুদ্ধ করেছেন।
(৫) বিহার-প্যাগোডা ও ধর্মশালায় নিরীহ মানুষদের আশ্রয় দিয়েছে।
(অনুরূপ প্রাসঙ্গিক যে কোন উত্তর)

স্বাক্ষরিত
(ফারহানা আজাদ)
সহকারী বিশেষজ্ঞ
নেপ, ময়মনসিংহ
মোবাইল:০১৭২০১৮৮৯৭৭

স্বাক্ষরিত
(রত্না দাশ)
বিশেষজ্ঞ
নেপ, ময়মনসিংহ
মোবাইল: ০১৭২৭-০৮৭৯৩৯

স্বাক্ষরিত
(মো: হায়দর আলী)
উর্ধ্বতন বিশেষজ্ঞ (উপসচিব) ও অনুষদ
প্রধান টেস্টিং এন্ড ইভালুয়েশন ফ্যাকাল্টি
নেপ, ময়মনসিংহ।
ফোন : ০১৭২৬-৭৭৪৮৪১

স্বাক্ষরিত
(মো: শাহ আলম)
পরিচালক
নেপ, ময়মনসিংহ।
ফোন : ০১৭৩০-৪৪০১৩০